## উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির আগস্ট/২০২৫ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ কামরুজ্জামান সরকার
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর।
তারিখ ঃ ১৪/০৮/২০২৫ খ্রিঃ
সময় ঃ সকাল- ১১.০০ ঘঃ

সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর ঃ পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সেই সাথে পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে আহ্বান জানান।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত ০৩/০৬/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোনরুপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

সভায় সদস্য সচিব জানান যে, ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরে জুলাই/২০২৫ হতে জুন/২০২৭ চক্রের উপকারভোগী চূড়ান্ত নির্বাচন সম্পন্ন হয়েছে। আগস্ট/২০২৫ মাসে চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীর মাঝে ভিডব্লিউবি কার্ড এবং জুলাই/২০২৫ ও আগস্ট/২০২৫ মাসের খাদ্য (চাল) বিতরণ করা হবে।

মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরে প্রতি মাসে প্রত্যেক ইউনিয়নে ১৫ জন করে ০৬টি ইউনিয়নে মোট ৯০জন উপকারভোগী নির্বাচনের বরাদ্দ পাওয়া গেছে। আগস্ট/২০২৫ মাসে জুলাই/২০২৫ ও আগস্ট/২০২৫ মাসের মা ও শিশু সহায়তা কর্মসূচির উপকারভোগী নির্বাচন করা হবে।

মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় জুলাই/২০২৫ মাসে আদায়যোগ্য খেলাপী ঋণের পরিমান = ৬৩৬৬০১/- টাকা এবং আদায়ের পরিমান = ২৯৫২০/- টাকা।

উপজেলা মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) এর ২০২৫-২৬ অর্থ বছরে ১ম ব্যাচের (জুলাই/২০২৫ - সেপ্টেম্বর/২০২৫) আধুনিক দর্জি বিজ্ঞান ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠভাবে চলমান রয়েছে।

এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সদস্য সচিব আরও জানান যে, অসহায় সুবিধা বঞ্চিত নারীদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর বরাদ্দকৃত অর্থের মাধ্যমে পুঁথি ও পাটজাত দ্রব্যের হস্তশিল্প বিষয়ক প্রশিক্ষণের আওতায় আনলে নারীরা পুঁথি ও পাটজাত দ্রব্যের বিভিন্ন জিনিস তৈরীর মাধ্যমে তাদের দক্ষতা বাড়বে। এই দক্ষতাকে কাজে লাগিয়ে তারা অর্থ উপার্জন করতে পারবে। তাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। পারিবারিক জীবনে তাদের গুরত্ব বাড়বে। দেশের অর্থনৈতিক উন্নয়নে তারা ভুমিকা রাখবে। নারীর ক্ষমতায়ন হবে।

(চলমান পাতা- ২)

<u>সিদ্ধান্ত</u> ঃ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর বরাদ্দকৃত অর্থের মাধ্যমে অসহায় সুবিধা বঞ্চিত নারীদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে পুঁথি ও পাটজাত দ্রব্যের হস্তশিল্প শীর্ষক প্রশিক্ষণ সংক্রান্ত ব্যয় ও আনুষাঙ্গিক প্রয়োজনীয় কার্যাদির বিষয়ে প্রস্তাবনা উপস্থাপন।

<u>বাস্তবায়ন</u> ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা খানসামা, দিনাজপুর।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭/০৮/২৫

(মোঃ কামরুজ্জামান সরকার)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
খানসামা, দিনাজপুর।

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির আগস্ট/২০২৫ মাসের সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর ঃ

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর।
তারিখ ঃ ১৪/০৮/২০২৫ খ্রিঃ
সময় ঃ সকাল- ১১.০০ ঘঃ

| ক্রঃ নং | পদবী | কমিটিতে পদ | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর | সভাপতি | [illegible] |
| ২ | চেয়ারম্যান, ৪নং খামারপাড়া ইউপি., খানসামা, দিনাজপুর | সদস্য | [illegible] 14.08.25 |
| ৩ | চেয়ারম্যান, ৬নং গোয়ালডিহি ইউপি., খানসামা, দিনাজপুর | সদস্য | [illegible] |
| ৪ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর | সদস্য | [illegible] |
| ৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, খানসামা, দিনাজপুর | সদস্য সচিব | [illegible] ১৪.০৮.২০২৫ |